

**2024/TDC (CBCS)/EVEN/SEM/  
BNGHCC-601T/411**

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

**BENGALI**

**( Honours )**

**( 6th Semester )**

Course No. : BNGHCC-601T

( প্রাচ্য সাহিত্যতত্ত্ব ও ছন্দ অলংকার )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

**UNIT—I**

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) আনন্দবর্ধন কোন্ শতাব্দীর লোক ছিলেন? তিনি ‘ধ্বন্যালোক’ গ্রন্থের কোন্ অংশটি লিখেছিলেন?
- (খ) ‘রীতিরাত্না কাব্যাস্য’—এই সূত্রটি কে লিখেছিলেন? পদ রচনার বিশিষ্ট ভঙ্গিকে কী বলা হয়ে থাকে?
- (গ) ‘সকল হৃদয়ে সমবাদী’—এখানে কোন্ ভাবধর্মের কথা বলা হয়েছে?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) “কাব্যং গ্রাহমলংকারাং”—কাব্য যে মানুষের কাছে উপাদেয়, সে এই অলংকারের জন্য—এই অভিমতের স্বপক্ষে আলংকারিকরা যেসব যুক্তি দিয়েছেন তার ব্যাখ্যা করো।

(খ) “কাব্যের আত্মা ক্ষনি বলে যাঁরা আরম্ভ করেছেন, কাব্যের আত্মা রস বলে তাঁরা উপসংহার করেছেন।” ‘ক্ষনি’র গুরুত্ব আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও।

#### UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) ‘সাহিত্য’ গ্রন্থরূপে প্রথম কত সালে প্রকাশিত হয়? রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্ব-বিষয়ক অন্য একটি গ্রন্থের নাম উল্লেখ করো।

(খ) “জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয়, আর ভাবের কথাকে সঞ্চার করিয়া দিতে হয়।” এই উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? ‘সৌন্দর্যবোধ’ প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(গ) “ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিস মিশাইয়া থাকে।” এই দুটি জিনিস কী কী?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) রবীন্দ্রনাথ বলেছেন, “কবির কল্পনাসচেতন হৃদয় যতই বিশ্বব্যাপী হয় ততই তাঁহার রচনার গভীরতায় আমাদের পরিতৃপ্তি বাড়ে। ততই মানববিশ্বের সীমা বিস্তারিত হইয়া আমাদের চিরন্তন বিহারক্ষেত্র বিপুলতা লাভ করে।” তোমার পঠিত ‘সাহিত্যের সামগ্রী’ পাঠ অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

(খ) “বাহিরের জগৎ আমাদের মনের মধ্যে প্রবেশ করিয়া আর একটা জগৎ হইয়া উঠিতেছে।” এই উক্তির আলোকে কবিগুরু ‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধে সাহিত্যসৃষ্টির ভাবনা যেভাবে প্রকাশিত তা বিশ্লেষণ করো।

#### UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) মাত্রা বিচারের জন্য বাংলা অক্ষরকে কয় শ্রেণীতে ভাগ করা হয়? এগুলো কী কী?

(খ) ধ্বনিপ্রধান ছন্দকে অন্য কোন্ নামে চিহ্নিত করা হয়? উল্লিখিত ছন্দে কোন্ লয় ব্যবহৃত হয়?

(গ) মহাকাব্য, আখ্যানকাব্য ইত্যাদি কোন্ ছন্দে লিখিত? এই ছন্দের একক রুদ্ধ অক্ষর কয় মাত্রা হিসেবে বিবেচিত?

( 4 )

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) স্বাসাঘাতপ্রধান ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো লেখো।
- (খ) উদাহরণসহ ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো লেখো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) উদাহরণসহ রূপক অলংকারের সংজ্ঞা লেখো।
- (খ) উৎপ্রেক্ষা অলংকারকে যে দুটি ভাগে ভাগ করা হয় সেগুলোর নাম উল্লেখ করো।
- (গ) অলংকার শাস্ত্রে দুটি বিষয়কে আপাতদৃষ্টিতে পরস্পর বিরোধী বলে মনে হলেও কিন্তু তাৎপর্যে এসে বিরোধের অবসান ঘটে যায়—সেখানে কী অলংকার হয়? একটি উদাহরণ দাও।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) উদাহরণসহ যে কোনো দুটি অলংকারের প্রকারভেদ নিয়ে আলোচনা করো :  
শ্লেষ ; উপমা ; সমাসোক্তি।
- (খ) নিম্নলিখিত অলংকারগুলোর উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করো (যে কোনো দুটি) :  
বাজস্তুতি ; বিরোধাভাস ; বক্রোক্তি।

( 5 )

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) “নূতন করিয়া ঘোরে সৃজন করিতে পারো তুমি—  
বিধাতার সৃষ্টিশক্তি আছে তব।” এটি কোন্  
অলংকার? অলংকারটির সংজ্ঞা লেখো।
- (খ) “আনিয়াছি ছুরি তীক্ষ্ণদীপ্ত প্রভাতরশ্মিসম”—কোন্  
অলংকারের উদাহরণ? ‘তীক্ষ্ণদীপ্ত’ শব্দটি কীসের  
দ্যোতনা করছে?
- (গ) “এ কথা জানিতে তুমি, ভারত-ঈশ্বর শাজাহান,  
কালশ্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।”  
স্তবকটি কোন্ ছন্দের উদাহরণ? এই ছন্দের লয় কী?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) ছন্দলিপি প্রস্তুত কর (যে কোনো দুটি) :

৫×২=১০

- (১) “বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই;  
মাগো আমার শোলোক বলা কাজলা দিদি কই?”
- (২) “নিরাবরণ বন্ধে তব, নিরাভরণ দেহে  
চিকন সোনা-লিখন উষা আঁকিয়া দিল স্নেহে।”
- (৩) “প্রেম বলে কিছু নাই  
চেতনা আমার জড়ে মিশাইলে সব সমাধান পাই।”



- (৪) “রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে ।  
শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে ॥”
- (৫) “ছেলে ঘুমালো পাড়া জুড়ালো বগী এলো দেশে ।  
বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দেব কীসে ॥”

(খ) ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) :

৫×২=১০

- (১) “ফুলগুলো ধায় ফড়িঙ হ’য়ে  
উড়নফুলের রূপ ধরে ।”
- (২) “ভাবনায় ভাসমান ভীতা সঙ্কুচিতা  
অশোক বিপিনে যেন জনকদুহিতা ।”
- (৩) “দেখিলাম কালবৈশাখীর  
স্রুটিকুটিল কালো কঠোর  
কাঠিন্যভরা মুখ ।”
- (৪) “আমার প্রেম রবিকিরণ হেন  
জ্যোতির্ময় মুক্তি দিয়ে তোমারে ঘেরে যেন ।”
- (৫) “কুকথায় পঞ্চমুখ কণ্ঠ-ভরা বিষ ।  
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ ॥”

★ ★ ★